দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 17 APR 1998 ..
পৃষ্ঠা ৩ কলাম ৫

৩০

# কৃষি ভার্সিটি বিশেষ সমাবর্তন কাল

**কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥** আগামীকাল শনিবার অনুষ্ঠিতব্য কৃষি বিশ্ববিদ্যালয়ের বিশেষ সমাবর্তনের সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে। সমাবর্তনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিজে উপস্থিত থেকে '৭০ সালের নোবেল শান্তি পুরস্কার বিজয়ী ডঃ নরম্যান আর্নেস্ট বোরলগকে সম্মানসূচক ডিএমসি ডিগ্রী প্রদান করবেন। কৃষি বিশ্ববিদ্যালয়ের ৩৭ বছরের ইতিহাসে এই প্রথমবারের মতো বিশেষ সমাবর্তন অনুষ্ঠিত হতে যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের প্রোক্টর ডঃ মোঃ আব্দুল আউয়াল জানান, সমাবর্তন অনুষ্ঠানের সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে।

## কৃ.বি. ছাত্রের লাশ উদ্ধার

কৃষি বিশ্ববিদ্যালয়ের পশুপালন অনুষদের ২য় বর্ষের ছাত্র মোঃ মাহবুবুল আলমের লাশ উদ্ধার করা হয়েছে। ১২ এপ্রিল রাতে সে নিখোঁজ হয়েছিল। নিখোঁজ হওয়ার ৩ দিন পর গত বুধবার রাতে ময়মনসিংহ শহরের কাছারিঘাট এলাকা সংলগ্ন ব্রহ্মপুত্র নদ থেকে পুলিশ তার লাশ উদ্ধার করে। ধারণা করা হচ্ছে, তাকে খুন করা হয়েছে।

নিহত মাহবুবের পারিবারিক সূত্রে জানা যায়, ১২ এপ্রিল রাতে তার ৬ জন বন্ধু এসে তাকে ডেকে নিয়ে যায়। তারা রাত ১২টার দিকে ময়মনসিংহ শহরের কাছারিঘাট নদীর তীরে আড্ডা দিচ্ছিল। এ সময় ঘাটের লোকেরা হঠাৎ ডাকাত ডাকাত বলে চিৎকার করে ওঠে এবং তাদেরকে ধাওয়া করে। এ অবস্থায় তারা দিকবিদিক জ্ঞান হারা হয়ে নদীতে লাফ দিয়ে পড়ে। এরপর সবাই সাঁতরিয়ে কূলে ওঠে বাসায় ফিরে এলেও মাহাবুবের খোঁজ পাওয়া যায়নি। নিহত মাহবুবের বাসা ময়মনসিংহ শহরের ৭১/এ এবি গুহ রোডে। তার পিতা মরহুম আঃ গনি। মাহবুবের বড় ভাই সুলতান আহমদ বাদী হয়ে কোতোয়ালি থানায় একটি জিডি করেছেন। জিডিতে ৫ জনের নাম উল্লেখ করা হয়েছে।